



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৭/১৩৮১

তারিখঃ ১৯ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
০২ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০১৭ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্রসচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবেন। উপরোক্ত মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠি	২২/০১/২০১৭ রবিবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	ভোলা ও পিরোজপুর	২৩/০১/২০১৭ সোমবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	২৪/০১/২০১৭ মঙ্গলবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃদ্রঃ প্রবেশপত্রে কোন ভুল থাকলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ৩০/০১/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে উপস্থিত হতে হবে। উল্লেখ্য উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক (এসটিডি হিসাব নং ২৪০০৩০৫ তে জমা দিয়ে) সংশোধন করা যাবে।

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা বোর্ডের এসটিডি হিসাব নং ২৪০০৩০৫ তে জমা দিতে হবে।

*R. Wahid*  
২১.১.১৭  
প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম-৯৭৭২  
পরীক্ষা নিয়ন্ত্রক  
টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫  
ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

*M. 02/01/17*

কেন্দ্রসচিব

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত সকল এসএসসি পরীক্ষাকেন্দ্র-২০১৭